# সমঝোতা স্মারক
# (Memorandum of Understanding )

পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

এবং

যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ৭২০৩৭৫৮

**সমঝোতা স্মারক**

**(Memorandum of Understanding )**

"পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় " শীর্ষক প্রকল্প, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

এবং

যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।

**অনুচ্ছেদ-১:**

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্প জুলাই ২০২১ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে ৪৮টি জেলায় ২২০টি উপজেলায় বাস্তবায়িত হচ্ছে (পরিশিষ্ট-ক)। এ প্রকল্পের প্রধান কার্যক্রম হলো সুবিধাভোগীদের এসএমই এর জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা। প্রকল্প মেয়াদকালীন প্রশিক্ষণের আওতায় গরু মোটাতাজাকরণ, ছাগল পালন, হাঁস মুরগী পালন, গাভী পালন, মৎস্য চাষ, শাক-সবজি চাষ, নার্সারী, সেলাই, কাঠের কাজ, বাঁশ-বেতের কাজ ইত্যাদি বিষয়ে ৪৬টি ট্রেডে ২,৬৪,০০০ জন সুবিধাভোগীকে ক্ষুদ্র উদ্যোক্তায় পরিণত করার প্রশিক্ষণ প্রদান করা হবে (পরিশিষ্ট-খ)। প্রতিটি ব্যাচে ৩০ জন করে ০৯ দিন ব্যাপী আবাসিক প্রশিক্ষণে ব্যয় বরাদ্দের পরিমাণ ৪,৩৫,১০০/- (চার লক্ষ পঁয়ত্রিশ হাজার একশত) টাকা (পরিশিষ্ট-গ)।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর দেশের যুব সমাজকে দক্ষ মানব সম্পদে পরিণত করার জন্য যুব ও যুব মহিলাদের বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান করে থাকে। দেশের যুব সমাজকে প্রশিক্ষণ প্রদানের জন্য ৬৪টি জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে। এ সকল প্রশিক্ষণ কেন্দ্রে ১৮-৩৫ বছর বয়সের যুবক ও যুব নারীদের বিভিন্ন ধরণের স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়।

যেহেতু যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত প্রশিক্ষণের সাথে বিআরডিবি'র "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রশিক্ষণের মিল রয়েছে এবং বিআরডিবি'র নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্রে এতসংখ্যক প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করা কষ্ট সাধ্য, সে কারণে বিআরডিবি'র "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের অনুরোধের প্রেক্ষিতে দেশের ৪৮টি জেলার (৪৭ টি যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, ঢাকা) যুব প্রশিক্ষণ কেন্দ্রে উক্ত প্রকল্পের প্রশিক্ষণ সম্পন্ন করার নিমিত্ত সমঝোতা স্মারক স্বাক্ষরের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর সম্মত হয়েছে।

**অনুচ্ছেদ-২: সমঝোতা স্বাক্ষরের উদ্দেশ্যাবলী**

১. বিআরডিবি'র "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্পের সুবিধাভোগীদের দক্ষতা উন্নয়নের মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণের ব্যবস্থা করা।
২. প্রশিক্ষণ সমাপ্তিতে সনদপত্র প্রদান এবং আত্মকর্মসংস্থানে নিয়োজিত করার জন্য উদ্বুদ্ধকরণ।
৩. প্রকল্প এলাকায় উপপরিচালক, বিআরডিবি এর সমন্বয়ে প্রশিক্ষণ আয়োজন করা।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
৳১০০ ৳১০০
একশত টাকা
খঠ ৭১৯৯৬৫১

**অনুচ্ছেদ-৩: যুব উন্নয়ন অধিদপ্তরের করণীয়**

১. যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা পর্যায়ে প্রশিক্ষণ কার্যক্রম নিজস্ব প্রশিক্ষক/অতিথি প্রশিক্ষক দ্বারা পরিচালনা করা।

২. প্রশিক্ষণার্থীদের আবাসন ও আহারসহ প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা করা। এ প্রশিক্ষণ সংক্রান্ত যাবতীয় ব্যয় বরাদ্দ "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" বিআরডিবি প্রদান করবে।

৩. প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনায় যুব উন্নয়ন অধিদপ্তরের কোন প্রকার আর্থিক সংশ্লেষ থাকবে না।

৪. প্রশিক্ষণের ক্লাস পরিচালনা এবং প্রশিক্ষণ মূল্যায়ন যুব উন্নয়ন অধিদপ্তর করবে।

৫. পৃথক পৃথক ব্যাচে আবাসিক প্রশিক্ষণ সম্পন্ন করে প্রকল্প পরিচালক বরাবর প্রতিবেদন প্রদান করবে।

৬.যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচিতে ব্যাপক রদবদল করা যাবে না।

৭. যুব উন্নয়ন অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণে ব্যাঘাত না ঘটিয়ে এ প্রশিক্ষণ পরিচালনা করবেন।

৮.প্রশিক্ষণ সংক্রান্ত সকল খরচ বিল ভাউচারের মাধ্যমে সমন্বয় করার জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রকল্প পরিচালককে প্রদান করবে।

**অনুচ্ছেদ-৪: পল্লী জীবিকায়ন প্রকল্প -৩য় পর্যায় এর করণীয়**

১. প্রশিক্ষণের ব্যাচ ভিত্তিক সকল ব্যয় বরাদ্দ (সম্মানী, হলরুম, হোস্টেল ভাড়া, প্রশিক্ষণ উপকরণ এবং আপ্যায়নসহ ডিপিপি মোতাবেক যাবতীয় ব্যয় বরাদ্দ)"পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্প হতে প্রকল্প পরিচালক সরাসরি সংশ্লিস্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত (কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর) কর্মকর্তা বরাবর প্রেরণ করবেন।

২. প্রশিক্ষণের মডিউল "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তরকে সরবরাহ করবে।

৩. প্রশিক্ষণ শুরুর আগে "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" শীর্ষক প্রকল্প, প্রশিক্ষণার্থীর তালিকা যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর) বরাবর প্রেরণ করবেন।

৪. প্রশিক্ষণ আয়োজনের ক্ষেত্রে প্রকল্পের পক্ষে বিআরডিবি'র সংশ্লিষ্ট জেলার উপপরিচালক সমন্বয় করবেন।

**অনুচ্ছেদ-৫: যৌথ কার্যক্রম**

১. প্রশিক্ষণ পরিচালনার জন্য কোর্স পরিচালকের দায়িত্ব বিআরডিবি'র সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও কো-অর্ডিনেটর এর দায়িত্ব যুব প্রশিক্ষণ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর) পালন করবেন।

২. প্রশিক্ষণ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, বিআরডিবি; উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর; কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র যৌথভাবে তদারকী এবং প্রয়োজনীয় সহযোগীতা করবেন।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৳১০০ ৳১০০

একশত টাকা

খঠ ৭১৯৯৬৫২

৩. প্রকল্প পরিচালক "পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" কোর্স পরিচালক এবং কো-অর্ডিনেটর এর যৌথ স্বাক্ষরে সনদপত্র প্রদান করবেন।
৪. প্রশিক্ষণের উদ্বোধনী ও সমাপণী অনুষ্ঠান উভয়পক্ষ যৌথভাবে আয়োজন করবেন।
৫. প্রশিক্ষণ কেন্দ্রে নিয়ম-কানুন মেনে চলার জন্য উভয় পক্ষ একে অপরকে সহযোগিতা করবেন।
৬. কোন যুব প্রশিক্ষণ কেন্দ্র কোন কারনে ব্যবহার অনুপোযোগী হলে উভয় পক্ষ আলোচনা সাপেক্ষে পার্শ্ববর্তী জেলার যুব প্রশিক্ষণ কেন্দ্র ব্যবহার করবেন।
৭. এ সমঝোতা স্মারকের মেয়াদ স্মারক স্বাক্ষরের তারিখ থেকে জুন ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। উভয় পক্ষ বিশেষ পরিস্থিতিতে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদানের মাধ্যমে সমঝোতা স্মারক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবে।

উল্লিখিত শর্তাবলী বিবেচনাপূর্বক উভয় পক্ষ একমত হয়ে অদ্য ০৪ অক্টোবর ২০২২খ্রি তারিখে এ সমঝোতা স্মারক স্বাক্ষর করলাম। স্বাক্ষরের তারিখ হতে এটি কার্যকর হবে।

"পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়" এর পক্ষে

মোঃ আলমগীর হোসেন আল নেওয়াজ
প্রকল্প পরিচালক

মোঃ আলমগীর হোসেন আল নেওয়াজ
প্রকল্প পরিচালক
পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

১। সাক্ষী:

যুব উন্নয়ন অধিদপ্তরের পক্ষে

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)

মোঃ আজহারুল ইসলাম খান
মহাপরিচালক (গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১। সাক্ষী:

[illegible]
পরিচালক ([illegible])
[illegible]

২। সাক্ষী:

মোঃ মাহাবুবুর রশীদ তালুকদার
উপ প্রকল্প পরিচালক
পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঢাকা।

২। সাক্ষী:

ফরহাদ নূর
উপ-পরিচালক (প্রশিক্ষণ)
যুব উন্নয়ন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।

"দেশপ্রেমের শপথ নিন, দুর্নীতিকে বিদায় দিন"

**পরিশিষ্ট-ক**

| পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় | | |
|---|---|---|
| প্রকল্প এলাকা | | |
| বিভাগ | জেলা | উপজেলা |
| ১) রাজশাহী (৬) | ১) রাজশাহী (৯) | ১) পবা, ২) গোদাগাড়ী, ৩) বাগমারা, ৪) পুঠিয়া, ৫) দূর্গাপুর, ৬) মোহনপুর, ৭) তানোর, ৮) চারঘাট, ৯) বাঘা |
| | ২) নাটোর (৬) | ১০) নাটোর সদর, ১১) সিংড়া, ১২) গুরুদাসপুর, ১৩)বরাইগ্রাম, ১৪) বাগাতিপাড়া, ১৫) লালপুর, |
| | ৩) চাঁপাইনবাবগঞ্জ (৫) | ১৬) চাঁপাইনবাবগঞ্জ সদর, ১৭) শিবগঞ্জ, ১৮) নাচোল, ১৯) গোমস্তাপুর, ২০) ভোলাহাট |
| | ৪) নওগাঁ (১১) | ২১) নওগাঁ সদর, ২২) আত্রাই, ২৩) রাণীনগর, ২৪) মান্দা, ২৫) পোরশা, ২৬) বদলগাছি, ২৭) মহাদেবপুর, ২৮) নিয়ামতপুর, ২৯) পত্নীতলা, ৩০) ধামুইরহাট, ৩১) সাপাহার |
| | ৫) পাবনা (৯) | ৩২) পাবনা সদর, ৩৩) আটঘরিয়া, ৩৪) ঈশ্বরদী, ৩৫) চাটমোহর, ৩৬) ফরিদপুর, ৩৭) সুজানগর, ৩৮) সাথিয়া, ৩৯) বেড়া, ৪০) ভাঙগুড়া |
| | (৬)সিরাজগঞ্জ (৯) | ৪১) সিরাজগঞ্জ সদর, ৪২) কামারখন্দ, ৪৩) কাজিপুর, ৪৪) রায়গঞ্জ, ৪৫) উল্লাপাড়া, ৪৬) শাহজাদপুর, ৪৭) বেলকুচি, ৪৮) তাড়াশ, ৪৯) চৌহালী |
| ২) রংপুর (৬) | ৭) পঞ্চগড় (৩) | ৫০) দেবীগঞ্জ, ৫১) বোদা, ৫২) তেতুলিয়া |
| | ৮) দিনাজপুর (২) | ৫৩) ফুলবাড়ী, ৫৪) বিরল |
| | ৯) রংপুর (৪) | ৫৫) পীরগঞ্জ, ৫৬) মিঠাপুকুর, ৫৭) গংঙ্গাচড়া, ৫৮) কাউনিয়া |
| | ১০) কুড়িগ্রাম (২) | ৫৯) নাগেরশ্বরী, ৬০) উলিপুর |
| | ১১) লালমনিরহাট (২) | ৬১) লালমনিরহাট সদর, ৬২) হাতিবান্ধা |
| | ১২) নীলফামারী (২) | ৬৩) ডোমার, ৬৪) সৈয়দপুর |
| ৩) খুলনা (১০) | ১৩) খুলনা (৩) | ৬৫) ডুমুরিয়া, ৬৬) দিঘলিয়া, ৬৭) ফুলতলা |
| | ১৪) বাগেরহাট (৩) | ৬৮) বাগেরহাট সদর, ৬৯) মোল্লা হাট, ৭০) মংলা |
| | ১৫) সাতক্ষীরা (৩) | ৭১)সাতক্ষীরা সদর, ৭২) তালা, ৭৩) শ্যামনগর |
| | ১৬) যশোহর (৮) | ৭৪) যশোহর সদর, ৭৫) বাঘারপাড়া, ৭৬) অভয়নগর, ৭৭) মনিরামপুর, ৭৮) কেশবপুর, ৭৯) শার্শা, ৮০) ঝিকরগাছা, ৮১) চৌগাছা। |
| | ১৭) নড়াইল (৩) | ৮২) নড়াইল সদর, ৮৩) লোহাগড়া, ৮৪) কালিয়া |
| | ১৮) ঝিনাইদহ (৬) | ৮৫) ঝিনাইদহ সদর, ৮৬) কালিগঞ্জ, ৮৭) কোটচাঁদপুর, ৮৮) মহেশপুর, ৮৯) হরিণাকুন্ড, ৯০) শৈলকুপা |
| | ১৯) মাগুরা (৪) | ৯১) মাগুরা সদর, ৯২) শালিখা, ৯৩) শ্রীপুর, ৯৪) মোহাম্মদপুর |
| | ২০) কুষ্টিয়া (৬) | ৯৫) কুষ্টিয়া সদর, ৯৬) দৌলতপুর, ৯৭) খোকসা, ৯৮) মিরপুর, ৯৯) ভেড়ামারা, ১০০) কুমারখালী |
| | ২১) মেহেরপুর (২) | ১০১) মেহেরপুর সদর, ১০২) গাংনী |
| | ২২) চুয়াডাংগা (৪) | ১০৩) চুয়াডাংগা সদর, ১০৪) আলমডাংগা, ১০৫) দামুরহুদা, ১০৬) জীবননগর |
| ৪) বরিশাল (৬) | ২৩) বরিশাল (৪) | ১০৭) গৌরনদী, ১০৮) আগৈলঝারা, ১০৯) বাবুগঞ্জ, ১১০) মেহেন্দীগঞ্জ |
| | ২৪) ঝালকাঠি (২) | ১১১) কাঠালিয়া, ১১২) নলসিটি |
| | ২৫) পিরোজপুর (৩) | ১১৩) পিরোজপুর সদর, ১১৪) মঠবাড়ীয়া, ১১৫) কাউখালী |
| | ২৬) পটুয়াখালী (৩) | ১১৬) দশমিনা, ১১৭) বাউফল, ১১৮) কলাপাড়া, |
| | ২৭) বরগুনা (২) | ১১৯) বেতাগী, ১২০) পাথরঘাটা |
| | ২৮) ভোলা (২) | ১২১) লালমোহন, ১২২) মনপুরা |

| বিভাগ | জেলা | উপজেলা |
|---|---|---|
| ৫) সিলেট (৪) | ২৯) সিলেট (১০) | ১২৩) সিলেট সদর, ১২৪) বালাগঞ্জ, ১২৫) কোম্পানীগঞ্জ, ১২৬) গোয়াইনঘাট, ১২৭) কানাইঘাট, ১২৮) গোলাপগঞ্জ, ১২৯) বিশ্বনাথ, ১৩০) ফেঞ্চুগঞ্জ, ১৩১) বিয়ানীবাজার, ১৩২) জকিগঞ্জ |
| | ৩০) সুনামগঞ্জ (৯) | ১৩৩) সুনামগঞ্জ সদর, ১৩৪) ধর্মপাশা, ১৩৫) জগন্নাথপুর, ১৩৬) শাল্লা, ১৩৭) তাহেরপুর, ১৩৮) জামালগঞ্জ, ১৩৯) দোয়ারাবাজার, ১৪০) বিশ্বম্ভরপুর, ১৪১) ছাতক |
| | ৩১) মৌলভীবাজার (৫) | ১৪২) শ্রীমঙ্গল, ১৪৩) কমলগঞ্জ, ১৪৪) রাজনগর, ১৪৫) কুলাউড়া, ১৪৬) বড়লেখা |
| | ৩২) হবিগঞ্জ (৮) | ১৪৭) হবিগঞ্জ সদর, ১৪৮) মাধবপুর, ১৪৯) চুনারুঘাট, ১৫০) বাহুবল, ১৫১) বানিয়াচং, ১৫২) নবীগঞ্জ, ১৫৩) লাখাই, ১৫৪) আজমীরিগঞ্জ |
| ৬) চট্টগ্রাম (৩) | ৩৩) চট্টগ্রাম (১৪) | ১৫৫) পটিয়া, ১৫৬) আনোয়ারা, ১৫৭) হাটহাজারী, ১৫৮) বোয়ালখালী, ১৫৯) মীরসরাই, ১৬০) ফটিকছড়ি, ১৬১) চন্দনাইশ, ১৬২) বাঁশখালী, ১৬৩) সীতাকুন্ড, ১৬৪) সাতকানিয়া, ১৬৫) রাউজান, ১৬৬) লোহাগড়া, ১৬৭) রাঙ্গুনিয়া, ১৬৮) সন্দ্বীপ |
| | ৩৪) কক্সবাজার (৭) | ১৬৯) কক্সবাজার সদর, ১৭০) উখিয়া, ১৭১) রামু, ১৭২) টেকনাফ, ১৭৩) চকরিয়া, ১৭৪) কুতুবদিয়া, ১৭৫) মহেশখালী, |
| | ৩৫) কুমিল্লা (৪) | ১৭৬) লালমাই, ১৭৭) লাঙ্গলকোট, ১৭৮) মনোহরগঞ্জ, ১৭৯) লাকসাম |
| ৭) ঢাকা (৯) | ৩৬) ঢাকা (৩) | ১৮০) ধামরাই, ১৮১) নবাবগঞ্জ, ১৮২) দোহার |
| | ৩৭) নারায়ণগঞ্জ (৩) | ১৮৩) সোনারগাঁও, ১৮৪) আড়াইহাজার, ১৮৫) রূপগঞ্জ |
| | ৩৮) নরসিংদী (৬) | ১৮৬) নরসিংদী সদর , ১৮৭) পলাশ, ১৮৮) শিবপুর, ১৮৯) রায়পুরা, ১৯০) বেলাব, ১৯১) মনোহরদী |
| | ৩৯) মুন্সীগঞ্জ (৬) | ১৯২) মুন্সীগঞ্জ সদর, ১৯৩) শ্রীনগর, ১৯৪) সিরাজদিখান, ১৯৫) লৌহজং, ১৯৬) টংগীবাড়ী, ১৯৭) গজারিয়া |
| | ৪০) টাংগাইল (৪) | ১৯৮) নাগরপুর, ১৯৯) ভূয়াপুর, ২০০) গোপালপুর, ২০১) দেলদুয়ার |
| | ৪১) কিশোরগঞ্জ (২) | ২০২) কিশোরগঞ্জ সদর, ২০৩) ভৈরব |
| | ৪২) গোপালগঞ্জ (২) | ২০৪) কোটালীপাড়া, ২০৫) টুঙ্গীপাড়া |
| | ৪৩) রাজবাড়ী (২) | ২০৬) রাজবাড়ী সদর, ২০৭) কালুখালী |
| | ৪৪) মাদারীপুর (২) | ২০৮) মাদারীপুর সদর, ২০৯) শিবচর |
| ৮) ময়মনসিংহ (৪) | ৪৫) ময়মনসিংহ (৪) | ২১০) গফরগাঁও, ২১১) ভালুকা, ২১২) ফুলবাড়ীয়া, ২১৩) ত্রিশাল |
| | ৪৬) জামালপুর (৩) | ২১৪) জামালপুর সদর, ২১৫) সরিষাবাড়ী, ২১৬) মেলান্দহ |
| | ৪৭) শেরপুর (২) | ২১৭) নকলা, ২১৮) ঝিনাইগাতি |
| | ৪৮) নেত্রকোনা (২) | ২১৯) কেন্দুয়া, ২২০) মোহনগঞ্জ |

**পরিশিষ্ট-খ**

## সুফলভোগীদের এসএমই এর জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের নির্ধারিত ট্রেডসমূহঃ

| ক্র. নং | প্রশিক্ষণের ট্রেড | ক্র. নং | প্রশিক্ষণের ট্রেড |
|---|---|---|---|
| ১। | গরু মোটাতাজাকরণ | ২৪। | লবণ চাষ ও প্রক্রিয়াকরণ |
| ২। | ছাগল পালন | ২৫। | ধান ভানা |
| ৩। | হাঁস-মুরগী পালন | ২৬। | চিড়া, মুড়ি, খই ইত্যাদি প্রস্তুতকরণ ও বিপণন |
| ৪। | দুগ্ধজাত গাভী পালন ও দুগ্ধ বিপণন | ২৭। | হস্ত ও কারু শিল্প সরঞ্জামাদী তৈরী |
| ৫। | কৃত্রিম গো প্রজনন কেন্দ্র স্থাপন | ২৮। | পাটজাত দ্রব্য প্রস্তুতকরণ ও বিপণন |
| ৬। | মৎস্য চাষ | ২৯। | কৃষি পণ্য সংরক্ষণ ও বাজারজাতকরণ |
| ৭। | শাক-সবজি চাষ | ৩০। | গ্রামীণ পর্যটন সুবিধা সম্প্রসারণ (পর্যটন কেন্দ্রে খাবার দোকান, হস্ত, কারু ও কুটির শিল্প ভিত্তিক স্থায়ী বিক্রয় কেন্দ্র স্থাপন) |
| ৮। | নার্সারী | ৩১। | লেপ তোষক তৈরি ও বিপণন |
| ৯। | পান চাষ | ৩২। | ছাতা তৈরি ও মেরামত |
| ১০। | কলা চাষ | ৩৩। | রিক্সা ও ভ্যানগাড়ি তৈরি ও পরিবহন ব্যবসা |
| ১১। | ফুল চাষ | ৩৪। | কাঠ শিল্প ও আসবাবপত্র তৈরি |
| ১২। | মৌমাছি/মধু চাষ | ৩৫। | নৌকা তৈরি ও বিপণন |
| ১৩। | মাশরুম ও স্পাইরুলিনা চাষ ও বিপণন | ৩৬। | তথ্য প্রযুক্তি সেবা |
| ১৪। | খাদ্য প্রক্রিয়াকরণ | ৩৭। | মোবাইল সার্ভিসিং |
| ১৫। | জৈব সার, মিশ্র সার, কেঁচো সার, গুটিইউরিয়া ইত্যাদি তৈরি | ৩৮। | নবায়নযোগ্য শক্তি (সোলার পাওয়ার) |
| ১৬। | রেশম উৎপাদন, গুটি উৎপাদন, সুতা তৈরি, বস্ত্র উৎপাদন | ৩৯। | বায়োগ্যাস প্লান্ট স্থাপন |
| ১৭। | বেত ও বাঁশের কাজ | ৪০। | এসি/ফ্রিজ মেরামত ও সার্ভিসিং |
| ১৮। | মাদুর পাটি তৈরি | ৪১। | ইলেকট্রিক্যাল ওয়ারিং |
| ১৯। | সেলাই | ৪২। | প্লাম্বিং |
| ২০। | বুটিক ও বাটিক প্রস্তুত ও বিপণন | ৪৩। | টাইলস ফিটিং |
| ২১। | ফ্যাশন ডিজাইনিং | ৪৪। | অটোমোবাইল সার্ভিসিং |
| ২২। | বিউটি পার্লার | ৪৫। | মোটরসাইকেল সার্ভিসিং- |
| ২৩। | সেচ যন্ত্র মেরামত | ৪৬। | ক্ষুদ্রব্যবসা |

**এছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে সামাজিকভাবে স্বীকৃত ও আর্থিকভাবে সম্ভবনাময় অন্যকোন আয়বর্ধনমূলক কর্মকাণ্ড।**

পরিশিষ্ট-গ

## এসএমই এর জন্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এর বাজেট (১টি ব্যাচ)

| ক্রঃ নং | খাতের নাম | টাকা | প্রশিক্ষণার্থীর সংখ্যা | সময়কাল | মোট টাকা |
|---|---|---|---|---|---|
| ১ | খাবার ব্যয় | ৪৮০.০০ | ৩০ | ৯ | ১২৯,৬০০.০০ |
| ২ | প্রশিক্ষণ ভাতা | ৫০০.০০ | ৩০ | ৯ | ১৩৫,০০০.০০ |
| ৩ | যাতায়াত ভাতা | ৩০০০.০০ | ৩০ | - | ৯০,০০০.০০ |
| ৪ | সার্টিফিকেট | ৫০ | ৩০ | - | ১,৫০০.০০ |
| ৫ | হোস্টেল ভাড়া | ১০০.০০ | ৩০ | ৯ | ২৭,০০০.০০ |
| ৬ | প্রশিক্ষণ সামগ্রী (কলম, ফোল্ডার) | ১০০ | ৩০ | - | ৩,০০০.০০ |
| ৭ | প্রশিক্ষক ভাতা | ১০০০.০০ | ৯ | ৪ | ৩৬,০০০.০০ |
| ৮ | প্রশাসনিক ভাতা | ২০০০.০০ | - | - | ২,০০০.০০ |
| ৯ | সম্মানী (কোর্স পরিচালক ও সমন্বয়ক) | ৭০০০.০০ | - | - | ৭,০০০.০০ |
| ১০ | উদ্বোধনী ও সমাপনী | ২০০০.০০ | - | - | ২,০০০.০০ |
| ১১ | বিবিধ | ২০০০.০০ | - | - | ২,০০০.০০ |
| | সর্বমোট | ১৮,২৩০.০০ | ১৮৯ | ৩১ | ৪,৩৫,১০০.০০ |

## পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায়
## সদর দপ্তর, ঢাকা।

ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টির লক্ষ্যে জেলাভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের বছরওয়ারী সম্ভাব্য ব্যাচ ও প্রশিক্ষণার্থী সংখ্যাঃ

| ক্রঃ নং | জেলার নাম | প্রকল্পভুক্ত উপজেলার সংখ্যা | জেলা ওয়ারী ব্যাচ সংখ্যা | প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থী সংখ্যা | জেলা ওয়ারী মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা | ব্যাচ সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | রাজশাহী | ৯ | ১৫ | ৩০ | ৪৫০ | ১৬ |
| ২ | নাটোর | ৬ | ১০ | ৩০ | ৩০০ | ১২ |
| ৩ | চাঁপাইনবাবগঞ্জ | ৫ | ৮ | ৩০ | ২৪০ | ৭ |
| ৪ | নওগাঁ | ১১ | ১৫ | ৩০ | ৪৫০ | ২০ |
| ৫ | পাবনা | ৯ | ১৫ | ৩০ | ৪৫০ | ১৭ |
| ৬ | সিরাজগঞ্জ | ৯ | ১৫ | ৩০ | ৪৫০ | ১২ |
| ৭ | পঞ্চগড় | ৩ | ৫ | ৩০ | ১৫০ | ৪ |
| ৮ | দিনাজপুর | ২ | ৪ | ৩০ | ১২০ | ৩ |
| ৯ | রংপুর | ৪ | ৬ | ৩০ | ১৮০ | ৭ |
| ১০ | কুড়িগ্রাম | ২ | ৪ | ৩০ | ১২০ | ৪ |
| ১১ | লালমনিরহাট | ২ | ৪ | ৩০ | ১২০ | ২ |
| ১২ | নীলফামারী | ২ | ৪ | ৩০ | ১২০ | ০ |
| ১৩ | যশোর | ৮ | ১২ | ৩০ | ৩৬০ | ১১ |
| ১৪ | নড়াইল | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ৬ |
| ১৫ | ঝিনাইদহ | ৬ | ১০ | ৩০ | ৩০০ | ৩ |
| ১৬ | মাগুরা | ৪ | ৮ | ৩০ | ২৪০ | ৬ |
| ১৭ | কুষ্টিয়া | ৬ | ১০ | ৩০ | ৩০০ | ৯ |
| ১৮ | মেহেরপুর | ২ | ৪ | ৩০ | ১২০ | ২ |
| ১৯ | চুয়াডাংগা | ৪ | ৬ | ৩০ | ১৮০ | ৬ |
| ২০ | বরিশাল | ৪ | ৬ | ৩০ | ১৮০ | ৩ |
| ২১ | ঝালকাঠি | ২ | ৪ | ৩০ | ১২০ | ১ |
| ২২ | পিরোজপুর | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ৮ |
| ২৩ | সাতক্ষীরা | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ৩ |
| ২৪ | খুলনা | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ২ |
| ২৫ | বাগেরহাট | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ৪ |
| ২৬ | পটুয়াখালী | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ২ |
| ২৭ | বরগুনা | ২ | ৪ | ৩০ | ১২০ | ৪ |
| ২৮ | ভোলা | ২ | ৪ | ৩০ | ১২০ | ৩ |
| ২৯ | সিলেট | ১০ | ৬ | ৩০ | ১৮০ | ৬ |
| ৩০ | সুনামগঞ্জ | ৯ | ৫ | ৩০ | ১৫০ | ১২ |
| ৩১ | মৌলভীবাজার | ৫ | ৪ | ৩০ | ১২০ | ৭ |
| ৩২ | হবিগঞ্জ | ৮ | ৫ | ৩০ | ১৫০ | ১০ |
| ৩৩ | চট্টগ্রাম | ১৪ | ২২ | ৩০ | ৬৬০ | ১৮ |
| ৩৪ | কক্সবাজার | ৭ | ১২ | ৩০ | ৩৬০ | ৭ |
| ৩৫ | কুমিল্লা | ৪ | ৮ | ৩০ | ২৪০ | ১ |
| ৩৬ | ঢাকা | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ০ |
| ৩৭ | নারায়ণগঞ্জ | ৩ | ৬ | ৩০ | ১৮০ | ২ |
| ৩৮ | নরসিংদী | ৬ | ৮ | ৩০ | ২৪০ | ৭ |
| ৩৯ | মুন্সীগঞ্জ | ৬ | ৮ | ৩০ | ২৪০ | ৯ |
| ৪০ | টাংগাইল | ৪ | ৪ | ৩০ | ১২০ | ৬ |
| ৪১ | কিশোরগঞ্জ | ২ | ৪ | ৩০ | ১২০ | ০ |
| ৪২ | গোপালগঞ্জ | ২ | ৪ | ৩০ | ১২০ | ৩ |
| ৪৩ | রাজবাড়ী | ২ | ৩ | ৩০ | ৯০ | ৩ |
| ৪৪ | মাদারীপুর | ২ | ৩ | ৩০ | ৯০ | ৪ |
| ৪৫ | ময়মনসিংহ | ৪ | ৪ | ৩০ | ১২০ | ০ |
| ৪৬ | জামালপুর | ৩ | ৪ | ৩০ | ১২০ | ৬ |
| ৪৭ | শেরপুর | ২ | ৩ | ৩০ | ৯০ | ৪ |
| ৪৮ | নেত্রকোনা | ২ | ৩ | ৩০ | ৯০ | ২ |
| সর্বমোট | | ২২০ | ৩৩১ | | ৯৯৩০ | ২৮৪ |